# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ০১/২০১৭ তারিখঃ ১১/০৯/২০১৭ খ্রি.

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| ক্র/নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সিনিয়র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর | ০২ | টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | নূন্যতম দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর পদে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| ২. | কম্পিউটার অপারেটর | ০১ | টাঃ ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম স্নাতক ডিগ্রীধারী (বিজ্ঞান বিভাগের প্রার্থীরা অগ্রাধিকার পাবে) অথবা সমমান পরীক্ষায় পাশসহ ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর পদে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। প্রার্থীকে অবশ্যই Operator's aptitude test -এ উত্তীর্ণ হতে হবে। |
| ৩. | অফিস সহায়ক | ০১ | টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | নূন্যতম এস.এস.সি পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |
| ৪. | এম,এল,এস,এস | ০১ | টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | নূন্যতম ৮ম শ্রেণী পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |
| ৫. | কুক/বাবুর্চি | ০১ | টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | নূন্যতম ৮ম শ্রেণী পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | সুইপার (পরিচ্ছন্নতাকর্মী) | ০১ | টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | নূন্যতম ৮ম শ্রেণী পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |

**শর্তাবলীঃ-**

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র ও প্রবেশপত্র স্বহস্তে পূরণ করে আগামী ২৮/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd/web/?page=notices.php&menu=11&notice_type=2) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/উক্ত ডাউনলোডকৃত ফরমের ফটোকপি করে আবেদন করা যাবে।

২। প্রার্থীর বয়সসীমা দরখাস্ত দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে ছবি ও ট্রেজারী চালান ব্যতিত অন্য কোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লেখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১ ও ২ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/-(একশত) টাকা, ৩-৬ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০১০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি এবং ১০/- টাকার ডাকটিকেটযুক্ত নিজ বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫"- ৪" সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত ফেরত খামের উপর অবশ্যই ডানপাশে পদের নাম, নিজ জেলা ও প্রযোজ্য ক্ষেত্রে কোটা উল্লেখ করতে হবে।

৫। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৬। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোনো পদের পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্তকরন এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষের ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন) ১১/৯/২০১৭
রেজিস্ট্রার
ও
সভাপতি, নিয়োগ ও বাছাই কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ, ঢাকা।

সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি

চাকরির আবেদন ফরম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | দিন | মাস | বছর |
| ৩ | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ | | | |
| ৪। | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | |
| ৫ | জন্ম তারিখঃ | দিন | মাস | বছর | |
| ৬ | জন্ম স্থান (জেলা)ঃ | | | | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন | |
| ৮। | মাতার নামঃ | | | | |
| ৯। | পিতার নামঃ | | | | |

| | | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|---|
| ১০ | ঠিকানাঃ | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | | ডাকঘরঃ | | |
| | | পোস্টকোড নম্বরঃ | | |
| | | উপজেলাঃ | | |
| | | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১। | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২। | জাতীয়তাঃ | ১৩। | লিঙ্গ (নারী/পুরুষ)ঃ |
| ১৪। | ধর্মঃ | ১৫। | পেশাঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭। অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ

১৮। অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | কোটা (টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০। | চালান নম্বরঃ | তারিখঃ | দিন / মাস / বছর | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১। | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

২২। আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দিন | মাস | বছর |
|---|---|---|---|
| | | | |

---------------------
প্রার্থীর পূর্ণ স্বাক্ষর

| |
|---|
| রোল নম্বরঃ |
| অফিস কর্তৃক পূরণীয় |

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ, ঢাকা

| |
|---|
| এখানে পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে। |

**প্রবেশপত্র**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলোঃ

| আবেদনকারী কর্তৃক পুরণীয় |
|---|
| পদের নামঃ |

| অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|
| পরীক্ষা, তারিখ ও সময় | পরীক্ষার স্থান |
| | |

সভাপতি
নিয়োগ ও বাছাই কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

| **প্রেরকঃ** | আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|---|
| মোঃ জাকির হোসেন<br>রেজিস্ট্রার<br>ও<br>সভাপতি,নিয়োগ ও বাছাই কমিটি<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>আপীল বিভাগ, ঢাকা। | **প্রতি,** |
| | প্রার্থীর নামঃ |
| | পিতা/স্বামীঃ |
| | বর্তমান ঠিকানাঃ |
| | গ্রাম/ওয়ার্ড/মহল্লাঃ |
| | ডাকঘরঃ |
| | উপজেলা/থানাঃ |
| | জেলাঃ |

বিঃ দ্রঃ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাত ঘড়ি বা অন্য কোন ইলেক্ট্রনিক সরঞ্জামাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ এবং পরীক্ষা চলাকালে নিজের কাছে রাখা যাবে না। পরীক্ষার্থীর কোন প্রকার অসাদুপায় অবলম্বন বা প্রতারণা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।